
# শিক্ষক বাতায়নের পরিচিতি

শিক্ষক বাতায়ন শিক্ষকদের জন্য তৈরি একমাত্র অনলাইন ওয়েব পোর্টাল প্ল্যাটফর্ম যার মাধ্যমে শিক্ষকগণ তাদের তৈরীকৃত শ্রেণী উপযোগী কনটেন্ট, ছবি, ভিডিও আপলোড এবং ডাউনলোড করতে পারেন। শিক্ষকরা নিজেদের মনোভাব ও চিন্তা ভাবনার প্রকাশ সাধারণত ব্লগ ও খবর-দার অংশে করে থাকেন। শিক্ষায় উদ্ভাবনী সংস্কৃতির বিকাশে শিক্ষকগণ আধুনিক ও মানসম্মত শিক্ষা শহর থেকে গ্রাম পর্যায়ে নিয়ে যেতে নিত্য নতুন উদ্ভাবনের গল্প আপলোড করতে পারেন। নেতৃত্বের বিকাশ ও ভবিষ্যৎ শিক্ষা বাস্তবায়নে প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধানগণ নেতৃত্বের গল্পও (পরিবর্তনের গল্প) আপলোড করতে পারবেন।

প্রথমেই একটি ব্রাউজারের সাহায্য নিয়ে শিক্ষক বাতায়ন এর ওয়েবএড্রেস (www.teachers.gov.bd) দিয়ে সার্চ করুন ও পেজ ওপেন করুন । হোম পেজের বাম দিকে উপরে রয়েছে আজকের তারিখ, নিচে লোগো ও মেন্যু ড্রপডাউন। আর ডান দিকে উপরের অংশে রয়েছে কনটেন্ট, মডেল কনটেন্ট ও সদস্য সংখ্যা এবং আপনি চাইলে ভাষা মাধ্যম বাংলা অথবা ইংরেজি নির্ধারণ করতে পারেন। নিচেই কনটেন্ট বাটনে ক্লিক করে দেখে নিন নানা ধরণের কনটেন্টের সমাহার এবং পাশেই রয়েছে লগইন এবং নিবন্ধনের সুবিধা।


### লগ ইনঃ

লগ ইন সম্পন্ন করতে ইমেইল আইডি প্রদান করুন।





### নিবন্ধনঃ

নিবন্ধন সম্পন্ন করতে নির্দেশনা অনুযায়ী নাম, ইমেইল, মোবাইল (মোবাইল নাম্বার ইংরেজিতে দিন ও ০ সংখ্যা বাদ দিয়ে শেষ ১০ ডিজিট দিন) সর্বনিম্ন ৬ অক্ষরের পাসওয়ার্ড দিন ও পুনরায় প্রদান করুন। আপনার নিবন্ধনটি সফল হয়েছে কিনা চেক করুন।




## প্রোফাইল এডিটঃ

প্রোফাইল সম্পাদন করতে এডিট অপশন ক্লিক করুন।





মৌলিক তথ্যাবলি, প্রাপ্তি স্বীকৃতি, শিক্ষাগত যোগ্যতা, কর্মসংস্থান ইতিহাস ও প্রশিক্ষণ এই চারটি পর্বে আলাদাভাবে ক্লিক করুন ও সঠিক তথ্য প্রদান করুন এবং প্রোফাইল সম্পন্ন করুন।





## আমার পাতাঃ

এই অংশে একজন শিক্ষক তার সামগ্রিক অবস্থান মাস, বছরব্যাপী নির্ণয় করতে পারবে। এমনকি প্রতিদিনের কার্যক্রম এখানে যাচাই করা যাবে।




## প্রোফাইলঃ

আপনার আকর্ষণীয় প্রোফাইল এখন আপনার হাতেই। এডিট অপশনে ক্লিক করে নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করুন এবং ১০০% প্রোফাইল সম্পন্ন করুন। সম্পর্কিত অংশে অবশ্যই নিজ সম্পর্কে লিখুন এবং নিজেকে তুলে ধরুন।





# কনটেন্ট দেখাঃ

শিক্ষক বাতায়নে কনটেন্ট দেখতে হোম পেজের কনটেন্ট বাটনে ক্লিক করুন এবং যে ধরণের কনটেন্ট দেখতে চান তা নির্ধারণ করুন। আপনার কাঙ্ক্ষিত কনটেন্ট দেখতে পরবর্তী ধাপগুলো অনুসরণ করুন।




## কনটেন্ট আপলোডঃ

শিক্ষক বাতায়নে রেজিস্টার্ড শিক্ষক সদস্যগণ যেকোন ধরণের কনটেন্ট আপলোড করতে আমার পাতায় ক্লিক করুন।




পরবর্তী ধাপে আপলোড বাটনে ক্লিক করুন এবং আপনার পছন্দ অনুযায়ী কনটেন্ট এর ধরণ নির্ধারণ করুন। নির্ধারিত কনটেন্ট আপলোড করতে প্রয়োজনীয় এবং সঠিক তথ্যবলি আপলোড করুন।



## সপ্তাহের সেরা কনটেন্ট নির্মাতা

শিক্ষক বাতায়নের সদস্য শিক্ষকদের প্রেজেন্টেশন কনটেন্ট এ প্রদত্ত লাইক, ভিউ ও রেটিং সর্বোপরি কনটেন্ট গুণগত মানের ভিত্তিতে ১৫ দিন অন্তর অন্তর ৭ জন শিক্ষককে প্রাথমিক বাছাইয়ে মনোনীত করা হবে এবং পরবর্তীতে সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, মাউশি অধিদপ্তরের কর্মকর্তা ও এটুআই যৌথভাবে গঠিত পেডাগজি এক্সপার্ট টিম ঐ ৭ জন শিক্ষকের কনটেন্ট এর গুনগত দিক বিচার বিশ্লেষণ করবেন। পেডাগজি এক্সপার্টদের থেকে প্রাপ্ত রেটিং এর ভিত্তিতে সামনের দিকে এগিয়ে থাকা ২ জন শিক্ষক ১৫ দিন অন্তর অন্তর সেরা কনটেন্ট নির্মাতা হবে। সেরা কনটেন্ট নির্মাতা হওয়ার ক্ষেত্রে কনটেন্ট এর সংখ্যার চেয়ে এর গুণগত দিক ও লক্ষ্য, উদ্দেশ্য বাস্তবায়ন হচ্ছে কিনা তা বিবেচনা করা হয়ে থাকে।





## সেরা উদ্ভাবকঃ

শিক্ষায় উদ্ভাবনী সংস্কৃতির বিকাশ ও নিত্য নতুন পরিকল্পনা বাস্তবায়নে শিক্ষকদের ভূমিকা অগ্রগন্য। ২০৪১ সালের উদ্ভাবনী বাংলাদেশ বিনির্মাণে শিক্ষায় উদ্ভাবনের কোন বিকল্প নেই। আপনার উদ্ভাবনই হোক আমাদের শিক্ষা ব্যবস্থায় বিদ্যমান সমস্যা সমাধানের পথ। আপনার সমস্যার সমাধান আপনি নিজেই সেই চিন্তাকে সামনে রেখে ও সরকারের নানাবিধ আদেশ বাস্তবায়নে কাজ করবে আমাদের শিক্ষকগণ। তাদেরকে স্বীকৃতি প্রদানে তাদের উদ্ভাবনের গল্প দেখবে সারা বাংলাদেশ। আপনি যদি শিক্ষক বাতায়নের সদস্য হয়ে থাকেন তাহলে আপনার উদ্ভাবনের গল্প যা গুণগত শিক্ষা বাস্তবায়নে করছে তাহলে আজই এর ইউটিউব ভিডিও লিংক আপলোড করে দিন উদ্ভাবনের গল্প পাতায়। হোম পেজের উপরে ডান দিকে আপনার নামে ক্লিক করুন আর পেয়ে যাবেন আমার পাতা। আমার পাতায় ক্লিক করুন আর পেয়ে যাবেন উদ্ভাবনের গল্প আপলোডের সুযোগ। গল্প আপলোড করে দিন। শিক্ষক বাতায়নের সদস্যদের প্রাপ্ত লাইক, ভিউ ও রেটিংয়ের ভিত্তিতে সামনের দিকে এগিয়ে থাকা ৫ জন শিক্ষকের উদ্ভাবনের গল্প সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, মাউশি অধিদপ্তরের কর্মকর্তা ও এটুআই যৌথভাবে গঠিত পেডাগজি এক্সপার্ট টিম যাচাই বাছাই করবেন। পেডাগজি এক্সপার্ট টিমের রেটিং যিনি প্রথম স্থান অবস্থান করবেন তিনি সেরা উদ্ভাবক (পাক্ষিক) মনোনীত হবেন।

**মূল্যায়নের ক্ষেত্রে যে বিষয়গুলো প্রাধান্য দেয়া হবেঃ**

১। আইডিয়া টি নতুন কিনা?
২। উদ্যোগটি নিজের তৈরি/ সম্পৃক্ত কিনা?
৩। আইডিয়া টি কোন সমস্যা সমাধানের সহায়ক কিনা?
৪। ৬ টি দক্ষতা (Criticality, Creativity, Morality, Social Commitment, Employability and Health) কোন একটি অর্জনে সহায়ক কিনা?
৫। আইডিয়াটি শিখন প্রক্রিয়ার সাথে কতটুকু সম্পৃক্ত?







## সেরা নেতৃত্ব (প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধানগণ):

‘স্বপ্নের স্কুল গড়ি, নিজেকে দিয়ে শুরু করি’ এই স্লোগান কে সামনে রেখে দক্ষ নেতৃত্ব ও প্রতিষ্ঠান ব্যবস্তাপনায় শীর্ষে থাকা প্রতিষ্ঠান প্রধান ও সহকারী প্রধানদের জন্য শিক্ষক বাতায়নে যোগ হলো সেরা নেতৃত্ব ফিচার। আপনি কি আপনার শিক্ষা প্রতিষ্ঠানকে রোল মডেলে পরিণত করেছেন? আপনার শিক্ষার্থীরা কি একুশ শতকের জন্য উপযোগী? আপনার প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ফলাফলে কি আপনি সন্তুষ্ট? আপনি আপনার প্রতিষ্ঠানে কি পরিবর্তন এনেছেন যার জন্য আপনি সবার কাছে খুব পরিচিত?

যদি আপনার নেতৃত্বের গল্পে এই প্রশ্নগুলোর উত্তর থাকে এবং গুণগত শিক্ষা বাস্তবায়নে করে থাকে তাহলে আজই এর ইউটিউব ভিডিও লিংক আপলোড করে দিন নেতৃত্বের গল্প পাতায়। হোম পেজের উপরে ডান দিকে আপনার নামে ক্লিক করুন আর পেয়ে যাবেন আমার পাতা। আমার পাতায় ক্লিক করুন আর পেয়ে যাবেন নেতৃত্বের গল্প আপলোডের সুযোগ। গল্প আপলোড করে দিন। শিক্ষক বাতায়নের সদস্যদের প্রাপ্ত লাইক, ভিউ ও রেটিংয়ের ভিত্তিতে সামনের দিকে এগিয়ে থাকা ৫ জন শিক্ষকের নেতৃত্বের গল্প সরকারি টিচার্স ট্রেনিং কলেজ, মাউশি অধিদপ্তরের কর্মকর্তা ও এটুআই যৌথভাবে গঠিত পেডাগজি এক্সপার্ট টিম যাচাই বাছাই করবেন। পেডাগজি এক্সপার্ট টিমের রেটিংয়ে যিনি প্রথম স্থান অর্জন করবেন তিনি সেরা নেতৃত্ব মনোনীত হবেন।




**মূল্যায়নের ক্ষেত্রে যে বিষয়গুলো প্রাধান্য দেয়া হবেঃ**

১। উদ্যোগটি একাডেমিক/ প্রাতিষ্ঠানিক সমস্যা সমাধানে সহায়ক কিনা?


২। ৬ টি দক্ষতা (Criticality, Creativity, Morality, Social Commitment, Employability and Health) কোন একটি অর্জনে সহায়ক কিনা?

৩। উদ্যোগটি টিসিভি(টাইম, কস্ট, ভিজিট) হ্রাস করতে সহায়ক কিনা?


৪। উদ্যোগটিতে দৃশ্যমান কোন পরিবর্তন আছে কিনা?

## অ্যাম্বাসেডরশিপ প্রোগ্রামঃ


অ্যাম্বাসেডরশিপ প্রোগ্রাম জানতে ক্লিক করুন হোম পেজের অ্যাম্বাসেডর কর্নারে।




অ্যাম্বাসেডরশিপ প্রোগ্রাম বিস্তারিত অ্যাম্বাসেডর পাতা ভিজিট করুন। অ্যাম্বাসেডর হওয়ার শর্তাবলি ও কার্যক্রম জানতে ‘শর্তাবলি’ শব্দে ক্লিক করুন। আপনি চাইলেই বিভাগ, জেলা ও উপজেলা অনুযায়ী অ্যাম্বাসেডর শিক্ষকদের খুঁজে নিতে পারেন।





অ্যাম্বাসেডর শিক্ষকদের প্রতিষ্ঠান, উপজেলা ও জেলা পর্যায়ে শিক্ষা সম্পর্কিত যেকোন ধরণের নিউজ খবর-দার অংশে আপলোড করতে পারবেন।





## মডেল কনটেন্টঃ

মডেল কনটেন্ট দেখতে আরও দেখুন ক্লিক করুন এবং ডাউনলোড করতে বাতায়নের সদস্য হোন।



## এই সপ্তাহের হাইলাইটস

শিক্ষক বাতায়নে সবচেয়ে বেশি ভিউ, লাইক, কমেন্টস প্রাপ্ত বিভিন্ন ক্যাটাগরির কনটেন্টস সমূহ এই সপ্তাহের হাইলাইটস হিসেবে প্রদর্শিত হবে। বিস্তারিত দেখতে আরও দেখুন ক্লিক করুন।





## এই দিনে

শিক্ষক বাতায়নের এই অংশে ঐ দিনের বিখ্যাত ব্যাক্তির (জন্ম, মৃত্যু, কৃত কর্ম) ও জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ঘটে যাওয়া বিখ্যাত কোন ঘটনা এখানে প্রদর্শিত হবে।




## খোলা জানালা

শিক্ষক বাতায়নের এই অংশ বাতায়নের সদস্যগণ শিক্ষা সম্পর্কিত তাদের ধ্যান-ধারণা ও চিন্তা চেতনার বহিঃপ্রকাশের জন্য এই ফিচারটি তৈরি। আপনি যদি লিখতে চান অবশ্যই বাতায়নের সদস্য হতে হবে আর খোলা জানালার ব্লগ দেখতে আরও দেখুন ক্লিক করুন।





## খবর-দার

শিক্ষক বাতায়নের শিক্ষক সদস্যগণ তাদের নিজ শিক্ষা প্রতিষ্ঠান, উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ে প্রতিনিয়ত শিক্ষা সম্পর্কিত বিভিন্ন ধরণের অনুষ্ঠান আয়োজন করা হয়ে থাকে। বাতায়নের এই অংশে ICT4E অ্যাম্বাসেডর শিক্ষকগণ তা খবরাকারে এখানে প্রকাশ করবেন।




## আর্কাইভ

শিক্ষক বাতায়নের আর্কাইভ অংশে আজ অব্দি সপ্তাহের সেরা কনটেন্ট নির্মাতা, সেরা উদ্ভাবক ও সেরা নেতৃত্ব ক্যাটাগরিতে নির্বাচিত শিক্ষকদের তালিকা পাওয়া যাবে।




## প্রকাশনা

শিক্ষকগণ তাদের যেকোন ধরণের শিক্ষা সংশ্লিষ্ট লিখা এখানে প্রকাশনা আকারে দেখতে পাবেন।




## ম্যাগাজিন

শিক্ষক বাতায়ন কর্তৃপক্ষ শিক্ষকদের কাছ থেকে ম্যাগাজিনের জন্য লিখা আহবান করে থাকেন। ম্যাগজিনকে সমৃদ্ধ করতে প্রয়োজন আপনার লিখা। ম্যাগাজিনের জন্য আপলোডেড কনটেন্ট দেখতে ভিজিট করুন ম্যাগাজিন পাতা।

ম্যাগাজিন (৭১০)



শিক্ষকতার এক যুগ

০৩ জানুয়ারি ২০২০ ২৯ ২৭



বৃত্তির সার্টিফিকেট গ্রহন করছে...

০৩ জানুয়ারি ২০২০ ১২ ১০



সোনাপুর মডেল উচ্চ বিদ্যালয়ে...

০৩ জানুয়ারি ২০২০ ১৩ ১৩



Md Monuhor Ali Hasaura...

০২ জানুয়ারি ২০২০ ৫ ৪








Happy New Year

